অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি রুহুল কবির রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

শারীরিক অসুস্থতার কারণে বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী ঢাকার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন আছেন। ঠান্ডা ও শ্বাসকষ্টের উপসর্গ দেখা দেওয়ায় মঙ্গলবার (১০ ফেব্রুয়ারি) বিকেলে তাকে ভর্তি করা হয়।

রিজভী নির্বাচনে প্রার্থী না হলেও দলের নির্বাচনী কার্যক্রমে তিনি গুরুত্বপূর্ণ দায়িত্বে রয়েছেন। নির্বাচনের সময়টিতে সংগঠন ও সমন্বয়ের কাজে তিনি সক্রিয় ভূমিকা রাখছেন। তিনি বর্তমানে বিএনপির নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।

LENS ASIA